# ‘একশন ট্রি প্রতিযোগিতা' এর নির্দেশিকা

*পুষ্টি সংবেদনশীল এবং কিশোর-কিশোরী বান্ধব স্থানীয় খাদ্য ব্যবস্থা*

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) একটি বার্ষিক আন্তর্জাতিক আয়োজন,যেখানে কিশোর - কিশোরীরা এবং তরুণ-তরুণীরা স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস এবং পুষ্টি প্রচারের জন্য উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে তাদের অভিজ্ঞতা শেয়ার করতে পারে, পুষ্টি সম্পর্কিত চ্যালেঞ্জ ও উদ্বেগ প্রকাশ করতে পারে এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে।এটি নেটওয়ার্ক গড়ে তুলতেও সাহায্য করে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে।পুষ্টি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২৪-২৫ এপ্রিল, ২০২৫ তারিখে ঢাকা,বাংলাদেশে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৫ অনুষ্ঠিত হবে। কিশোর -কিশোরী  এবং তরুণদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে।ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ - এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা এবং প্রদর্শনী আয়োজন করা হবে। এখানে মোট ১৫ টি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে, যার মধ্যে একটি হলো 'একশন ট্রি' প্রতিযোগিতা। ০৬ থেকে ২৪ বছর বয়সী যেকোনো ব্যক্তি 'একশন ট্রি' প্রতিযোগিতা-তে অংশগ্রহণ করতে পারবেন। 'একশন ট্রি' প্রতিযোগিতা-এর নির্দেশিকা নিচে দেওয়া হলোঃ

**একশন ট্রি**

একশন ট্রি হলো এমন একটি প্রতিযোগিতা যেখানে অংশগ্রহণকারীদের (INO) এর প্রতিপাদ্যের সাথে সম্পর্কিত একটি নির্দিষ্ট বিষয় দেওয়া হবে। তারা বিষয়টি বিশ্লেষণ করবে এবং ১৫ শব্দের মধ্যে একটি একশন এজেন্ডা তৈরি করবেন, যেখানে উল্লেখ থাকবে কিভাবে তারা বিষয়টির জন্য নিজেদের দক্ষতা কাজে লাগাবে।

**বয়স গ্রুপ:**

| গ্রুপ এ | গ্রুপ বি | গ্রুপ সি |
|---|---|---|
| ০৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়:**

**গ্রুপ এ:** আমি বাড়িতে নিজের খাবার উৎপাদন করি।

**গ্রুপ বি:** স্থানীয়ভাবে উৎপাদনকৃত খাবার থেকে পুষ্টি গ্রহণ।

**গ্রুপ সি:** ভোক্তাদের পুষ্টিকর খাবার গ্রহণে উৎসাহিত করা।

**যোগ্যতা:**

- প্রতিযোগীদের INO ২০২৫ ওয়েবসাইটে(www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশন এর সময় 'একশন ট্রি প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।
- নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকা যে কোনো প্রতিযোগী এতে অংশগ্রহণ করতে পারবে।
- এই প্রতিযোগিতায় শুধুমাত্র এককভাবে অংশগ্রহণ করা যাবে।
- প্রতিযোগী বা অভিভাবক বা প্রতিষ্ঠান ন্যূনতম আইটি সুবিধা ফোন, ইমেইল,হোয়াটসঅ্যাপ, জুম একাউন্ট (বাধ্যতামূলক নয়) থাকতে হবে।

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2025

**রেজিস্ট্রেশন:**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৫ এর নির্দিষ্ট ওয়েবসাইটে( www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন করতে হবে। INO ২০২৫ ওয়েবসাইটের রেজিস্ট্রেশন লিংক ক্লিক করে 'একশন ট্রি প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।

**রেজিস্ট্রেশনের সময়সীমা:** মার্চ ৩১, ২০২৫ (রাত ১১টা ঢাকা সময়)

**জমা দেয়ার সময়সীমা:** এপ্রিল ০৬, ২০২৫ (রাত ১১টা, ঢাকা সময়)

**একশন ট্রি প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনাঃ**

**১. প্রতিযোগীর তথ্য:**

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান ঠিকানা যোগাযোগ নম্বর এবং ইমেইল।

**২.একশন ট্রির কাঠামো:**

উপরের প্রতিপাদ্যের সাথে সম্পর্কিত কার্যক্রম সর্বোচ্চ ১৫ শব্দে লিখতে হবে।

**৩.ফরম্যাটিং:**

ফন্ট ইংরেজির জন্য Gill Sans MT এবং বাংলার জন্য কালপুরুষ।ফন্ট সাইজ:১২।কোন বিশেষ ফরম্যাটিং ছাড়া সাধারণ লেখা। কাগজের মাপ:A4।

**৪.ভাষা:** বাংলা অথবা ইংরেজি।

**৫.জমা ও নির্বাচন প্রক্রিয়া:**

গুগল ফর্ম বা ইমেইলের মাধ্যমে (ইমেলের বিষয় হিসেবে 'Action Tree' উল্লেখ করতে হবে) প্রতিযোগী তাদের একশন ট্রি (PDF) জমা দিবেন।

**প্রাথমিক নির্বাচন:**

- প্রতিটি গ্রুপ থেকে শীর্ষ ৫ টি একশন ট্রি INO ২০২৫-এ প্রদর্শনের জন্য বাছাই করা হবে।

**চূড়ান্ত নির্বাচন:**

- প্রতিটি গ্রুপ থেকে সেরা ৩টি একশন ট্রি প্রদানকারীকে বিজয়ী ঘোষণা করা হবে।

**স্কোর ক্রাইটেরিয়াঃ**

| ক্রম | বিষয় | নাম্বার |
|---|---|---|
| ০১ | কার্যকরযোগ্যতা | ১৫ |
| ০২ | অংশগ্রহণকারীদের দ্বারা বাস্তবায়নের সুযোগ | ১৫ |
| ০৩ | প্রাসঙ্গিকতা | ১০ |
| ০৪ | উপস্থাপনা | ১০ |
| **মোট** | | **১০০** |

**বিশেষ দ্রষ্টব্য:**

- কার্যক্রম অবশ্যই প্রতিযোগীদের নিজস্ব এবং মৌলিক হতে হবে, তবে পরামর্শকদের সহায়তা গ্রহণ করা যেতে পারে। AI বা অন্য কোন অনলাইন ব্যবহার করে তৈরি কার্যক্রম বাতিল করা হবে।
- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে যেকোনো ধরনের অনৈতিক আচরণ করলে তাৎক্ষণিকভাবে অযোগ্য ঘোষণা করা হবে।
- চূড়ান্ত পর্বে প্রতিটি গ্রুপ থেকে শীর্ষ ৩ (তিন) প্রতিযোগী বা দলকে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।

**যোগাযোগ:**

একশন ট্রি প্রতিযোগিতা সংক্রান্ত যেকোনো তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুন:

ফোন :+৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ইমেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩ (তিন) টি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।**